

**কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ
বিষয়টি বিবেচনা করবেন
কি ?**

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তি নং পদী-মাধ্য/বিজ্ঞ-১/৮৯/১১৬, তারিখ ১১/১০/৮৯ ইং এর বিজ্ঞপ্তি পড়ে আমরা ১৯৯০ সনের মনোমুগ্ধকর পত্রিকাখীরা দারুণভাবে সর্দীতে হয়েছি। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, যারা ১৯৯০ সনে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় মনোমুগ্ধকর পত্রিকাখী হিসাবে অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে ১৯৯০ সনের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা দিতে হবে। আমরা বিজ্ঞান বিভাগ থেকে ১৯৮৯ সনের পাঠ্যসূচী অনুযায়ী ১৯৮৯ সনে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি এবং এই বিজ্ঞপ্তির শর্তানুযায়ী আমরা বিজ্ঞান বিভাগের মনোমুগ্ধকর পত্রিকাখীরা ভীষণ অসুবিধারও সম্মুখীন হয়েছি। ১৯৯০ সনের বিজ্ঞান বিভাগের পাঠ্যসূচী পরিবর্তন করা হয়েছে। সাধারণ বিজ্ঞান ১ম ও ২য় পত্রের জন্য নতুন বই পাঠ্য করা হয়েছে। বই দুটিতে নতুন অনেক অধ্যায় ও বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে এবং অনেকগুলো অধ্যায় ১৯৮৯ সনের পাঠ্যসূচী থেকে বাদ দেয়া হয়েছে। তাছাড়া আমরা সবচেয়ে বেশী অসুবিধার সম্মুখীন হচ্ছি নতুন বই দুটির বাবহারিক পত্র নিয়ে। সাধারণ বিজ্ঞান ১ম পত্রের পদার্থবিদ্যা অংশের ১টি ছাড়া বাকীগুলো এবং রসায়নবিদ্যা অংশের কেবলটিই আমাদের পাঠ্যসূচীতে (১৯৮৯) ছিল না। আমরা ১৯৯০ সনের মনোমুগ্ধকর পত্রিকাখীদের অধিকাংশই কলেজের ভর্তি হয়েছি এবং বর্তমানে বিদ্যালয়ে অধ্যয়নরত নই। আমরা ভেবে পাচ্ছি না এই নতুন (১৯৯০ পাঠ্যসূচী) বাবহারিক পরীক্ষাগুলো কিভাবে সম্পন্ন করব? বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে যে, ১৯৮৯ সনের মাধ্যমিক পরীক্ষায় সাধারণ বিজ্ঞান (সমন্বিত) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা ১৯৮৯ সনের পাঠ্যসূচী অনুযায়ী ১৯৯০ সনে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। বিষয়ের ব্যাপার হলো, একই পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত (১৯৮৯) পরীক্ষার্থী হয়ে ১৯৮৯ সনের পরীক্ষায় বিজ্ঞান বিভাগের অকৃতকার্য পরীক্ষার্থীরা এই পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা দিতে পারবে অথচ আমরা মনোমুগ্ধকর পত্রিকাখীদেরকে নতুন পাঠ্যসূচী অর্থাৎ ১৯৯০ সনের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা দিতে হবে। কুমিল্লা শিক্ষা বোর্ডের এই বিবাস্তা স্পষ্ট আচরণে আমরা সর্দীত হয়েছি। তাছাড়া বিজ্ঞপ্তির ভাষা অনুযায়ী সাধারণ বিজ্ঞান ১ম ও ২য় পত্রের প্রশ্নপত্র হবে দুইসেট (অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য

১৯৮৯ সনের পাঠ্যসূচী অনুযায়ী)। আমরা বুঝতে পারছি না অকৃতকার্য পরীক্ষার্থীরা যদি ১৯৮৯ সনের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা (১৯৯০) দিতে পারে তবে আমরা মনোমুগ্ধকর পত্রিকাখীদের ১৯৮৯ সনের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা (১৯৯০) দিতে পারা কোথায়? মহামান্য রাষ্ট্রপতি যেখানে শিক্ষার উন্নয়নের জন্য দৃঢ় সংকল্পবদ্ধ সেখানে মাননীয় কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের মনোমুগ্ধকর পত্রিকাখীদের প্রতি কেন এই বৈরী নীতিমান?

আশা করি মহামান্য কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বিষয়টির মানবিক দিক বিবেচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করে আমাদের মানসিক দৃষ্টিভঙ্গ থেকে মুক্ত করবেন। এবং আমাদেরকে ১৯৮৯ সনে পাঠ্যসূচী অনুযায়ী মনোমুগ্ধকর পত্রিকাখীদের সুযোগ দিবেন ও এব্যাপারে আন্তর্গত পদক্ষেপ গ্রহণ করবেন।

মনোমুগ্ধকর পত্রিকাখীদের